দৈনিক বাংলা

তারিখ ... 03 NOV 1994 ... ..
পৃষ্ঠা ১ কলাম ৭ ......

03

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস ২৩ বছরে নিহত ১৯৪

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** সারাদেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গত তেইশ বছরে হানাহানিতে ১৯৪ জনের প্রাণহানি ঘটেছে। এদের মধ্যে ১৮২ জন ছাত্র। অন্যরা পথচারী অথবা বহিরাগত।

শিক্ষাঙ্গনে সন্ত্রাসের ব্যাপারে বিভিন্ন সূত্র থেকে পাওয়া তথ্য অনুযায়ী ১৯৭২ সাল থেকে এ পর্যন্ত শিক্ষাঙ্গনে ৬৮৫টি সন্ত্রাসী ঘটনা ঘটেছে। এইসব সন্ত্রাসী ঘটনায় আহত হয়েছে ৭ হাজার ৫০ জন। শিক্ষাঙ্গনের সন্ত্রাসের ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থান শীর্ষে। এর পরেই রয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। ১৯৮০ সাল থেকে '৯০-এর জুন পর্যন্ত দশ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয় পাঁচ বছর ক্লাস বন্ধ ছিল।

সন্ত্রাসের পাশাপাশি ছাত্রছাত্রীদের মাদকাসক্তি শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভয়াবহভাবে দেখা দিয়েছে। শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৪ শতাংশ

(৮-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

প্রথম পৃষ্ঠার পর **শিক্ষাঙ্গনে সন্ত্রাস**

ছাত্রছাত্রী বিভিন্ন ধরনের নেশায় আসক্ত বলে এই বিশ্ববিদ্যালয়েরই সমাজকল্যাণ বিভাগের এক জরিপ রিপোর্ট থেকে জানা গেছে।